



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Leading Bangladesh to Prosperity"

BGMEA Complex, 23/1 Panthapath Link Road, Karwan Bazar, Dhaka-1215, Tel: +88-02-8140310-20, Fax: +88-02-8140322-23
E-mail: info@bgmea.com, www.bgmea.com.bd, www.garmentworker.com.bd, www.bgmeajobs.com.bd

Ref:

বিজিএ/সেফটি/২০১৪/২৬২৬৫

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০১৪।

প্রতি : বিজিএমইএ'র সম্মানিত সদস্যবৃন্দ।

বিষয় : অগ্নি প্রতিরোধ বিষয়ক নির্দেশিকা।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক গঠিত "ভবন ও অগ্নি নিরাপত্তা বিষয়ক টাস্ক ফোর্স" এর সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে তৈরী পোষাক কারখানায় অগ্নি প্রতিরোধকল্পে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে অগ্নি প্রতিরোধ বিষয়ে একটি নির্দেশিকা বিজিএমইএ তে প্রেরণ করা হয়েছে।

উক্ত নির্দেশিকাটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। নির্দেশিকাটি কারখানায় যথাযথভাবে প্রদর্শন করা এবং এতে বর্ণিত করণীয় বিষয়সমূহ সঠিকভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে প্রয়োজনে নিম্নে বর্ণিত কর্মকর্তার সংগে যোগাযোগ করা যেতে পারেঃ

তাজ মোহাম্মদ খান
ডেপুটি সেক্রেটারী (ট্রেনিং কো-অর্ডিনেটর)
সেফটি সেল, বিজিএমইএ।
মোবাইল নং ০১৭১১ ২৩৮২৯০

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(এহসান উল ফাত্তাহ)
মহাসচিব

অগ্নি প্রতিরোধ ব্যবস্থা অগ্নি নির্বাপনের চেয়ে উত্তম :

১) তাই অগ্নিপ্রতিরোধে করণীয় বিষয়সমূহ নিম্নরূপঃ

- কলকারখানায় ধূমপান বর্জন করুন ও সতর্কীকরণ পোষ্টার লাগান।
- বিয়ারিং ও অন্যান্য চলমান যন্ত্রাংশে নিয়মিত লুব্রিকেন্ট দিন।
- অগ্নিনির্বাপন লক্ষ্যে প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক বাহিনী গড়ে তুলুন।
- শিল্প কারখানায় পর্যাপ্ত পানির ব্যবস্থা মজুদ রাখুন।
- প্রতিমাসে অন্ততঃ একবার মহড়া অনুশীলন করুন।
- মান সম্পন্ন বৈদ্যুতিক তার ব্যবহার করুন এবং বৈদ্যুতিক তার ক্রটিমুক্ত কিনা মাঝে মাঝেই পরীক্ষা করুন।
- কারখানার সিড়ি ও চলাচল পথ সবসময় বাধামুক্ত রাখুন।
- প্রতি ফ্লোরে দর্শনীয় স্থানে সেফটি প্লান এবং ইভাকুয়েশন প্লান লটকাইয়া রাখুন।
- ভবনের প্রবেশ পথে হাতের নাগালে বৈদ্যুতিক মেইন সুইচ স্থাপন করুন।

২) কারখানায় আগুন লাগলে করণীয় বিষয়সমূহ নিম্নরূপঃ

- ফায়ার এলার্ম বা ঘন্টা বাজিয়ে যে ফ্লোরে দূর্ঘটনা সংঘটিত হয়েছে প্রথমে সেই ফ্লোরে সতর্ক সংকেত বাজান। এরপর উপরের ফ্লোর এবং পর্যায়ক্রমে অন্যান্য ফ্লোরে ফায়ার এলার্ম দিন।
- কারখানার বৈদ্যুতিক মেইন সুইচ দ্রুত বন্ধ করুন।
- নিকটস্থ ফায়ার স্টেশন বা কেন্দ্রীয় ফায়ার কন্ট্রোল রুমে সঠিক তথ্য সম্বলিত সংবাদ দিন। ফায়ার সার্ভিস জরুরী নম্বর ০২-৯৫৫৫৫৫৫৫ অথবা ১০২।
- আগুন লাগলে বিচলিত হওয়া যাবেনা। মনে রাখতে হবে, আগুন লাগলে এবং উহা ছড়াতে কমপক্ষে ১০/১৫ মিনিট সময় লাগে (যদি না তা খিনার বা পেট্রোল বা অন্য কোন তরল পদার্থ হয়)। অথচ একটি ৮/১০ তলা বা তার অধিক তলা ভবন হতে নেমে আসতে ৫ মিনিটের বেশী সময় লাগেনা। সুতরাং নিকটস্থ সিড়ি দিয়ে আস্তে আস্তে (স্বাভাবিকের চেয়ে একটু দ্রুত) নিচে নেমে যেতে হবে।
- কারখানায় গঠিত (প্রশিক্ষিত) অগ্নিনির্বাপক দল কর্তৃক আগুন নির্বাপনের চেষ্টা করুন।
- শরীরে আগুন লাগলে ভুলেও দৌড়াবেন না। দুহাত দিয়ে মুখ মন্ডল ডেকে মাটিতে গড়াগড়ি দিন।
- উদ্ধারকারী দল কারখানার সকল ফ্লোরের শ্রমিক/কর্মচারীকে সুশৃঙ্খলভাবে কারখানা থেকে বের হতে সাহায্য করবেন এবং ফ্লোরের কোথাও কোন লোক আছে কিনা তা ভালভাবে খোঁজ করে দেখবেন।
- প্রাথমিক চিকিৎসা দল দূর্ঘটনায় কোন শ্রমিক/কর্মচারী আহত হলে তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে দ্রুত ডাক্তারের কাছে পাঠানোর ব্যবস্থা করুন।
- যে তলায় আগুন লেগেছে প্রথমে সে তলার লোক এবং তার উপরের তলার লোক আগে নামবে। এরপর উপরের তলার লোক নামবে। ছাদ উন্মুক্ত থাকলে ছাদে আশ্রয় নেয়া যেতে পারে।
- যদি কেহ ধোঁয়ায় আটকা পড়েন তাহলে নিকটবর্তী জানালা খুলে ফেলুন বা জানালার গ্লাস ভেঙ্গে ফেলুন। যদি তা সম্ভব না হয় তাহলে নাকে রুমাল বা কাপড় চেপে ধরে হামাগুড়ি দিয়ে প্রবেশ পথ দেখে নিন (ধোঁয়া সবসময় হাটুর উপরে থাকে) এবং বের হয়ে আসুন।


(Signature)

৩) পোশাক শিল্প কারখানায় আগুন লাগলে যে সকল কাজ করা যাবে না

- আগুন আগুন বলে অযথা গুজব ছড়ানো যাবেনা।
- কোন প্রকার গুজবে কান দিয়ে আতঙ্কিত হওয়া যাবে না।
- নিচে নামার জন্য তাড়াছড়ো করা যাবেনা।
- নিচে নামার জন্য ভবনের ছাদ বা জানালা দিয়ে নিচে লাফ দেয়া যাবে না।
- তাড়াতাড়ি নিচে নামার জন্য কিছুতেই লিফট ব্যবহার করা যাবে না।
- জুতা, স্যান্ডেল, ব্যাগ, খাবারের বাটি বা ভারী কোন জিনিষ ইত্যাদি বহন করা যাবে না।
- নিচে নামার সময় সিঁড়িতে অযথা দাড়িয়ে থাকা যাবে না বা কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।
- সিঁড়িতে কাউকে ধাক্কাধাক্কি করা যাবে না বা মেয়েদের উত্যক্ত করা (বিশেষ করে ওড়না ধরে টান দেয়া) যাবে না।
- একবার নিচে নেমে গেলে সকল লোক নামার আগে কিছুতেই সিঁড়ি দিয়ে উপরের দিকে ওঠা যাবে না।
- নিচে নামার পরে কর্তৃপক্ষকে না জানিয়ে দুর্ঘটনাস্থল ত্যাগ করা যাবে না।

৪) পোশাক শিল্প কারখানায় কর্মরত নারী শ্রমিকদের করণীয়

১. সবসময় সালোয়ার কামিজ পরে কাজ করতে হবে।
২. আট-সাঁট পোশাক পরিধান করতে হবে।
৩. চুল সব সময় বেঁধে রাখতে হবে।
৪. হাই হিল জুতা বা স্যান্ডেল পরিধান করা উচিত নয়।
৫. নিয়মিত বহির্গমন মহড়ায় অংশ নিতে হবে।


২০/০৫
২০২৪